

ঘ ইউনিটে পাসের হার ১৩.২৬ শতাংশ

বিশ্ববিদ্যালয় প্রতিবেদক

৩০ অক্টোবর ২০১৯ ০০:০০ | আপডেট: ৩০ অক্টোবর ২০১৯ ০১:৩৪



আমাদের মমু

ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) ২০১৯-২০ শিক্ষাবর্ষে ‘ঘ’ ইউনিটের প্রথম বর্ষ সম্মান শ্রেণির ভর্তি পরীক্ষার ফল প্রকাশ করা হয়েছে। গতকাল দুপুর সাড়ে ১২টায় বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ভবনের কেন্দ্রীয় ভর্তি অফিসে উপাচার্য মো. আখতারুজ্জামান আনুষ্ঠানিকভাবে এ ফল প্রকাশ করেন। এ বছর ইউনিটটিতে সম্মিলিতভাবে পাস করেছে (বিজ্ঞান, মানবিক ও বিজ্ঞেন শাখা) শতকরা ১৩ দশমিক ২৬ শতাংশ শিক্ষার্থী।

এ বছর ‘ঘ’ ইউনিটে ১ হাজার ৫৬০টি আসনসংখ্যার বিপরীতে পরীক্ষায় অংশগ্রহণ করেন ৮৪ হাজার ১৭৭ জন ভর্তিচ্ছু। লিখিত পরীক্ষার উত্তরপত্র মূল্যায়ন করা হয়েছে ১২ হাজার ৬৬৭ জনের। সমন্বিত পাসের সংখ্যা ১১ হাজার ১৫৮।

উত্তীর্ণ শিক্ষার্থীদের ৩১ অক্টোবর থেকে ১৪ নভেম্বর পর্যন্ত ভর্তি পরীক্ষার ওয়েবসাইটে বিষয় পছন্দক্রম ফরম পূরণ করতে বলা হয়েছে। এ ছাড়া কোটায় উত্তীর্ণ শিক্ষার্থীদের ৩-১২ নভেম্বরের মধ্যে সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন অফিস থেকে ফরম সংগ্রহ করে একই স্থানে জয়া দেওয়ার পরামর্শ দেওয়া হয়েছে।

এদিকে ভর্তি নির্দেশিকা অনুযায়ী এমসিকিউতে ৩০ নম্বর পেলেও অনেকের লিখিত অংশের খাতা মূল্যায়ন করা হয়নি বলে অভিযোগ উঠেছে। তবে নির্ধারিত আসনের চেয়ে অধিক সংখ্যক ভর্তিচ্ছু হওয়ায় এমসিকিউ অংশে কভিশন মার্ক বাড়ানো শিক্ষার্থীদের লিখিত পরীক্ষার খাতা মূল্যায়ন করা হয়নি বলে জানিয়েছেন সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক

সাদেকা হালিম।

সাদেকা হালিম বলেন, বিজ্ঞান ও মানবিকের ক্ষেত্রে আসন্নের বিপরীতে শিক্ষার্থী বেশি হওয়ায় বিজ্ঞানের ক্ষেত্রে আটগুণ খাতা দেখা হয়। সে কারণে সেখানে এমসিকিউয়ের ক্ষেত্রে কন্ডিশন মার্ক দাঁড়ায় ৩৭.৮। আর মানবিকের ক্ষেত্রে ৫১.৩৫। সে জন্য তাদের লিখিত খাতা দেখা হয়নি।

advertisement